



# পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

( বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন )

রেজিঃ নং— ৪১৯৯



সার্কুলার নং - ০৫/২০১৭

তারিখ - ১৭.০২.২০১৭

সকল সদস্যদের জন্য

প্রিয় সাথী,

হীরক জয়ন্তী বর্ষে ১৯তম দ্বি-বার্ষিক মিলনৎসব

বিগত ১১ই ডিসেম্বর, ২০১৬ তারিখে আমাদের প্রিয় সংগঠন সুদীর্ঘ পথ অতিক্রম করে হীরক জয়ন্তী বর্ষে পর্দাপন করেছে। এই উপলক্ষে আমরা বিভিন্ন রকম কর্মসূচী পালন করেছি। আগামী দিনে সারা রাজ্যে আরও কর্মসূচী পালনের উদ্যোগ আমরা গ্রহণ করছি। আমাদের সংগঠনের উদ্যোগে আগামী ৪ঠা মার্চ(রবিবার) হুগলী জেলার চন্দননগর শহরে স্কুলের ছাত্র ছাত্রীদের নিয়ে একটি সুন্দর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৯তম মিলনৎসব উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠান সর্বতোভাবে সফল হচ্ছে। ছোটদের বেশকিছু প্রতিযোগিতা আমরা করেছি। যেমন বসে আঁকো, লঘু সংগীত, আবৃত্তি প্রতিযোগিতা হয়েছে। কর্মচারীদের মধ্যেও কিছু প্রতিযোগিতামূলক অনুষ্ঠান চলছে। শ্রুতি নাটক, প্রবন্ধ, গল্প, কবিতা ও আলোক চিত্র প্রতিযোগিতা ইত্যাদি।

অন্যান্য বারের মত এবারও আমরা স্মারকগ্রন্থ প্রকাশ করার জন্য শাখায় শাখায় অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা দিয়েছি। কিন্তু বিভিন্ন কারণে সেই অর্থ সংগ্রহের পরিমানের নিরিখে অনেক শাখা দেয় লক্ষ্যমাত্রা থেকে পেছনে রয়েছে। নোট বাতিলের সময়কাল এর একটা অন্যতম কারণ। সেই কারণে প্রতিটি শাখাতে অতিরিক্ত উদ্যোগ গ্রহণের মাধ্যমে অতি দ্রুততার সাথে লক্ষ্যমাত্রা পূরনে সচেষ্ট হওয়ার আহ্বান জানাচ্ছি।

\*\*\*\*\* মূল সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ৪ঠা এপ্রিল, ২০১৭ তারিখে মহাজাতি সদন হলে অনুষ্ঠিত হবে \*\*\*\*\*

ব্যাঙ্ক এমপ্লয়িজ ফেডারেশন (পঃব) এর আসন্ন ১৪তম সম্মেলন

আমাদের সার্কুলার নং ০৩/২০১৭ দ্বারা আপনারা অবগত হয়েছেন যে ব্যাঙ্ক এমপ্লয়িজ ফেডারেশন (পঃব) এর আসন্ন ১৪তম সম্মেলন আগামী ২৫-২৭ শে ফেব্রুয়ারি, ২০১৭ কলকাতা শহরের মহাজাতিসদন হলে অনুষ্ঠিত হতে চলেছে।

এই সম্মেলনের প্রতিনিধি অধিবেশন ২৫শে ফেব্রুয়ারি বেলা ১০-৩০ টা থেকে ২৭শে ফেব্রুয়ারি ২০১৭ বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষনে এই সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে। নোট বাতিলের সময়কালের পরবর্তী পর্যায়ে ব্যাঙ্ক শিল্পের সঙ্কট আরো ঘনীভূত হয়েছে। এই সময়কালে ব্যাঙ্ক শিল্পে ব্যাপক ভাবে অনাদায়ী ঋণের পরিমানে বৃদ্ধি ঘটেছে। বর্তমানে ১৩ টি ব্যাঙ্ক লোকসানে চলছে। ব্যাঙ্কিং ব্যবসায় প্রভূত ক্ষতি হয়েছে এই নোট বাতিলের সময়কালে।

নোট বাতিলের কারণে গত ১০ই নভেম্বর ২০১৬ থেকে ৩০শে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ব্যাঙ্ক শিল্পের কর্মচারীরা এক অসহনীয় অবস্থার মধ্যে গ্রাহক পরিসেবা দিয়েছেন যাহা একপ্রকার অকল্পনীয়। এইরকম শ্বাসরোধ করা পরিবেশে প্রতিটি শাখাতে কর্মচারীরা স্বাভাবিক কাজের ঘন্টার পরবর্তীতে অতিরিক্ত সময়ে গ্রাহক পরিসেবা দিতে বাধ্য হয়েছেন। কিন্তু সঠিকভাবে ক্ষতিপূরণ এখনো বিভিন্ন ব্যাঙ্কে কতৃপক্ষ দেননি। এই জটিল পরিস্থিতির মধ্যে এই সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে।

বি.ই.এফ(পঃব) এর এই সম্মেলনকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য সকল সদস্যের কাছে ১০০/- টাকা অর্থ সাহায্যের আহ্বান জানানো হয়েছে পূর্ব উল্লেখিত সার্কুলারের মাধ্যমে। যে সকল ইউনিট এখনো এই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেননি, তাদের কাছে অনুরোধ যে অতি দ্রুত এই অর্থ সংগ্রহ করে নিয়মিত অ্যাকাউন্টে জমা করুন। মেম্বারশিপ অনুযায়ী আমাদের সংগঠনের দেয় অর্থ খুব শীঘ্রই বি.ই.এফ(পঃব) এর নিকট জমা করতে হবে।

অ্যাকাউন্ট নং - ১৯৬৪০০০১০০১০০২৮৬, পি.এন.বি.এস.ইউ

ধন্যবাদ সহ,

(শ্রীজিৎ সেনগুপ্ত)

সাধারণ সম্পাদক